

বাংলাদেশ



গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ১১, ২০১৪

৮ম খণ্ড

বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
যুগ্ম-সচিব (মতামত) এর কার্যালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিজ্ঞপ্তি

১৯৬৪ সালের নোটারী বিধিমালার বিধি ৫(২) এর শর্ত মোতাবেক বিজ্ঞপ্তি জারি করা যাচ্ছে যে, ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য বিজ্ঞ এ্যাডভোকেট জনাব সুরাইয়া পারভীন, পিতা সাবান আলী, মাতা সৈয়দ আলোয়া বেগম, স্বামী মোস্তাক আহম্মেদ, বর্তমান ঠিকানা- ৩০/২ কাজী রিয়াজ উদ্দিন রোড, পোস্টা, লালবাগ, ঢাকা, স্থায়ী ঠিকানা- গ্রাম ও পোস্ট পারুলিয়া, থানা কাশিয়ানী, জেলা গোপালগঞ্জ—সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রে নোটারী পাবলিক হিসেবে নিয়োগ লাভের জন্য আবেদন করেছেন, যা সরকারের বিবেচনাধীন রয়েছে।

এমতাবস্থায়, আবেদনকারীকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রে নোটারী পাবলিক হিসেবে নিয়োগদানের ক্ষেত্রে যদি কোনো ব্যক্তির কোনো আপত্তি থাকে, তবে তা এ বিজ্ঞপ্তি প্রকাশের ১৪(চৌদ্দ) দিন মেয়াদের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

আবু আহমেদ জমাদার  
যুগ্ম-সচিব (মতামত)  
ও  
উপযুক্ত কর্তৃপক্ষ।  
(৫৭—১)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
জনস্বাস্থ্য-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

আদেশ

তারিখ, ০২ মে ২০১২

নং জনস্বাস্থ্য-১/ হোমিও-১/২০০৬/৮৮—বাংলাদেশ হোমিওপ্যাথি বোর্ডে বর্তমানে ভারপ্রাপ্ত রেজিস্ট্রার হিসাবে কর্মরত সহকারী রেজিস্ট্রার ডাঃ মোঃ জাহাঙ্গীর আলমকে উক্ত বোর্ডের রেজিস্ট্রার পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগদানে সম্মতি জ্ঞাপন করা হলো।

২। বোর্ডের সিদ্ধান্ত ও প্রচলিত বেতন স্কেলে বিধি মোতাবেক তিনি বেতন-ভাতাসহ অন্যান্য সুযোগ-সুবিধা প্রাপ্য হবেন। বাংলাদেশ হোমিওপ্যাথি বোর্ডের ১৫-০৩-২০১২ ইং তারিখের সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অনুমোদন মোতাবেক জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

ড. আহমা আক্তার জাহান  
উপসচিব।  
(৫৮—১)